**বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সিগঞ্জ কর্তৃক ভার্চুয়ালী আয়োজিত পরিচালক/তত্ত্বাবধায়কপ্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী ও উপ-পরিচালকগণের ২৯/০৬/২০২১খ্রিঃ হতে ৩০/০৬/২০২১ খ্রিঃ পর্যন্ত ২(দুই) দিনব্যাপী Workshop on Disposal of Audit Objection শীর্ষক ওয়ার্কসপ এর কার্যবিবরণী।**

বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সিগঞ্জ কর্তৃক আয়োজিত বাপাউবো'তে কর্মরত বিভিন্ন দপ্তরের পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী ও উপ-পরিচালকগণের অংশগ্রহনে ২৯/০৬/২০২১ খ্রিঃ এবং ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত Workshop on Disposal of Audit Objection শীর্ষক ওয়ার্কসপ অনুষ্ঠিত হয় (অংশগ্রহনকারী কর্মকর্তাগনের তালিকা পরিশিষ্ট-১ এবং ওয়ার্কসপ সুচী বা এজেন্ডা পরিশিষ্ট-২)। কোভিড এবং লক-ডাউন পরিস্থিতি বিবেচনায় অন-লাইনে ভার্চুয়াল মাধ্যমে ওয়ার্কসপ অনুষ্ঠিত হয়।

১ম দিনের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে ওয়ার্কসপ শুরু হয়। এরপর জনাব মোঃ আমিরুল হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা ওয়ার্কসপের উদ্দেশ্য ব্যাখ্যা করেন। তিনি ওয়ার্কসপকে সাফল্যমন্ডিত করতে সকলের সহযোগিতা কামনা করেন। স্বল্পসময়ে এমন একটা গুরুত্বপূর্ণ ওয়ার্কসপের অনুমোদন করায় মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি জানান, মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের আগ্রহ, নির্দেশনা এবং অনুমোদনক্রমে বাংলাদেশ অডিটর জেনারেল এর দপ্তরের উর্দ্ধতন কর্মকর্তা তথা মহাপরিচালক, ওয়ার্কস অডিট এবং পরিচালক, ফাপাড মহোদয় বিস্তারিত উপস্থাপনা, অভিজ্ঞতা বিনিময় এবং প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে এই ওয়ার্কসপ অনুষ্ঠিত হবে। এরপর বাপাউবো'র বিদ্যমান অডিট বিষয়ে মতামত, সমস্যা এবং উত্তরণের উপায় এর উপর আলোচনা করেন জনাব মোহাম্মদ আতাউর রহমান, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা। তিনি বাপাউবো'তে কর্মরত কর্মকর্তাগনকে সততা ও দক্ষতার সাথে কার্য সম্পাদন করার জন্য ধন্যবাদ প্রদান করেন। তিনি বলেন সরকারের অডিট দপ্তর হতে আগত অডিটরগনের সহিত মাঠ দপ্তরের সহযোগিতা নেগেটিভ বা বিরুপ ধারনা দূরিভূতকরনে এই ওয়ার্কসপ যথাযথ ভূমিকা পালন করবে। অডিট চলাকালীন সময়ে দায়িত্বরত কর্মকর্তাগনকে সতর্কতার সাথে দায়িত্ব পালনে আহ্বান জানান, যাতে অনাকাঙ্খিত কোন অডিট আপত্তি উত্থাপিত না হয়। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ওয়ার্কসপের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

ওয়ার্কসপের মূল বক্তব্য উপস্থাপন করেন জনাব মোঃ সাইফুর রহমান, মহাপরিচালক, পূর্ত অডিট দপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। তিনি বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকুলকে ওয়ার্কসপে আমন্ত্রণ জানানোর জন্য ধন্যবাদ জ্ঞাপনকরে Disposal of Audit Objection এর উপর বিস্তারিত পাওয়ারপয়েন্ট উপস্থাপনা প্রদান করেন (পরিশিষ্ট-৩) এবং উপস্থিত কর্মকর্তাগনের সাথে মতবিনিময় এবং অডিট আপত্তি নিস্পত্তির ধাপসমূহনিয়ে আলোচনা করেন এবং বিভিন্ন প্রশ্নের উত্তর/ব্যাখ্যা প্রদান করেন। অডিট আপত্তি হ্রাসে মহাপরিচালক, পূর্ত অডিট মহোদয়ের মতামত উপস্থাপন করা হলো ঃ-

১ । ভবিষ্যতে প্রেরিত অডিট টিমে নিরিক্ষা কাজে ক্যাডার কর্মকর্তারা অংশগ্রহণ করবেন।
২ । Audit Objection এর পরিবর্তে Audit Observation বলতে/উল্লেখ করতে হবে।
৩ । Internal Audit/Pre-Audit ঠিকমতো সম্পাদন করা হলে External Audit এ Audit Observation হওয়ার কথা না।
৪ । যথাসম্ভব Variation Avoid করতে হবে।
৫ । অডিট টিমকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।
৬ । অডিট টিমকে ভাউচার এবং রেকর্ড প্রদান করতে হবে এবং যথাযথ ব্যাখ্যা প্রদান করতে হবে।
৭ । মাঠপর্যায়ের অডিটটিমের সাথে কোন বিষয়ে দ্বিমত থাকলে বা স্পট রিপ্লাই এর বাইরে অতিরিক্ত কোন Audit Observation থাকলে অডিট দপ্তরের উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করা যাবে।
৮ । দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা নিয়মিত করতে হবে। লকডাউন/কভিড পরিস্থিতি উত্তরণ ঘটলে বাপাউবো-র Audit Observation নিস্পত্তিতে পুনরায় ক্রাশ প্রোগ্রাম চালু করা হবে।

এ পর্যায়ে ১ম দিনের ওয়ার্কসপ সমাপ্ত হয়। জনাব মোহাম্মদ আতাউর রহমান, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো মহোদয় ১ম দিনের সমাপনী বক্তব্য প্রদান করেন। তিনি ভবিষ্যতে বছর ভিত্তিতে/অর্থ বছরের শুরুতে এমন আরো ওয়ার্কসপ আয়োজন করতে উৎসাহ প্রদান করেন।

ওয়ার্কসপের ২য় দিনের (৩০/০৬/২০২১ তারিখ) শুরুতে আলোচনায় অংশগ্রহণ করেন জনাব খোন্দকার মোঃ রুহুল আমিন, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা মহোদয়। তিনি বলেন সংশ্লিষ্ট দপ্তর হতে সঠিক সময়ে জবাব না পাওয়ায় এবং যথাযথ প্রমানকের অভাবে অনেক Audit Observation নিস্পত্তি হয় না। তিনি প্রকল্পের সমস্যাসমূহ চিহ্নিত করে পরবর্তী প্রকল্পে প্রয়োগ করা হলে অনেক Audit Observation কমে যাবে বা হ্রাস পাবে বলে উল্লেখ করেন। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো মহোদয় ওয়ার্কসপের আয়োজন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ওয়ার্কসপের সুপারিশসমুহ বাস্তবায়নে বোর্ড তথা কর্তৃপক্ষ যথাযথ পদক্ষেপ গ্রহন করার বিষয়ে তিনি সর্বাত্মক সহায়তা করবেন বলে উল্লেখ করেন।

জনাব মোঃ হেমায়েতুল ইসলাম, নিয়ন্ত্রক অহিনি, বাপাউবো, ঢাকাবা পাউবো-র অডিট কার্যক্রম বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনার (পরিশিষ্ট-৪) মাধ্যমে বিস্তারিত আলোচনা করেন। অংশগ্রহণকারী কর্মকর্তাগনের নিকট হতে অডিট বিষয়ে মতামত এবং সমস্যা বিষয়ে বক্তব্য আহ্বান করেন। Audit Observation হ্রাস করার বিষয়ে তিনি পূর্ত অডিট এবং ফাপাড অডিট দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ করে সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করবেন বলে অংগীকার ব্যক্ত করেন।

জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, পরিচালক, ফাপাড ওয়ার্কসপের ৩য় ও ৪র্থ সেশনে বৈদেশিক সহায়তা পুষ্ট প্রকল্পের অডিট বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করেন এবং উপস্থিত কর্মকর্তাগনের সাথে মতবিনিময় এবং Audit Observation নিস্পত্তির ধাপসমূহ নিয়ে আলোচনা করেন। তিনি অংশগ্রহণকারী কর্মকর্তাগনকে বৈদেশিকসহায়তা পুষ্ট প্রকল্পের অডিট এর প্রয়োজনীয়তা তুলে ধরেন এবং অডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। তিনি এতদবিষয়ে কোন জটিলতা সৃষ্টি হলে সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

অংশগ্রহণকারী কর্মকর্তাগন নিম্নোক্ত সমস্যা এবং সমাধানের সম্ভাব্য উপায় চিহ্নিত করেন, যা নিম্নরূপ ঃ-

১ । অর্থ বছরের শুরুতেই এই বিষয়ে ওয়ার্কসপ/সেমিনার আয়োজন করা প্রয়োজন।

২ । বিল প্রদানের পূর্বে অবশ্যই ভালোভাবে নিয়ম জানা প্রয়োজন।

৩ । সম্পাদনকৃত কাজের অডিট নিরিক্ষা যতদ্রুত সম্ভব করা প্রয়োজন,কারন বদলীজনিত কারনে কর্মকর্তাগন এক স্টেশনে বা কর্মস্থলে বেশিদিন থাকতে পারেন না। বদলীর পর দায়িত্বরত কর্মকর্তা বদলী হওয়া কর্মকর্তা-কে অডিট বিষয়ে সার্বিক সহায়তা করবেন। অডিট প্রোগামগুলো বোর্ডের ওয়েবসাইটে দিতে হবে যাতে সকলে অবহিত হতে পারে।

৪ । যে সব কর্মকর্তা অন্যত্র বদলী হয়ে গেছেন তাদেরকে অডিট চলাকালীন সময়ে এবং যদি কোন Audit Observation থাকে তবে তা যথাসময়ে অবহিত করতে হবে।

৫ । Audit Observation এর জবাব তৈরীর সময় সংশ্লিস্ট RAC দপ্তরের সহযোগিতা এবং মতামত প্রয়োজন।

৬ । প্রচলিত Audit Observation এ শুধুমাত্র নির্বাহী প্রকৌশলী/প্রকল্প কর্মকর্তা/দপ্তর প্রধানের বিজড়ণ উল্লেখ থাকে। যে দপ্তর প্রি-অডিট এবং ঠিকাদার বরাবর চেক প্রদানের দায়ীত্ব পালন করে, সংশ্লিষ্ট RAC দপ্তরের বিজড়ণ উল্লেখ থাকতে হবে। প্রি-অডিট যথাযথ ভাবে করা হলে Audit Observation সংখ্যা যথেষ্ট সংখ্যক হ্রাস পাবে।

৭ । অডিট দপ্তর, বাপাউবো, ঢাকার Audit Observation ডাটাবেজ তৈরী করা প্রয়োজন।

৮ । অবসরপ্রাপ্ত কর্মকর্তাগনের Audit Observation নিস্পত্তির জন্য অগ্রাধিকার প্রদান করা প্রয়োজন।

৯ । টাস্কফোর্সের কার্যক্রম আরো গতিশীল করতে হবে।

১০ । প্রতি মাসে জোনাল মিটিং এ অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র প্রতিনিধি উপস্থিত থাকা প্রয়োজন ফলে Audit Observation নিস্পত্তির কার্যক্রম আরো গতিশীল হবে। অডিট পরিদপ্তর, বাপাউবো এর জনবল বৃদ্ধি প্রয়োজন।

১১ । সংশ্লিষ্ট দপ্তরে পূর্ত বা ফাপাড অডিট সমাপনান্তে যথাযথ গুরুত্ব সহকারে স্পট রিপ্লাই তৈরি করতে হবে। স্পট রিপ্লাই'তে অডিট দপ্তর এবং বাপাউবো দপ্তরের সংশ্লিষ্টকর্মকর্তার যৌথ স্বাক্ষর থাকবে। মাঠ পর্যায়েরঅডিট টিমের সাথে কোন বিষয়ে দ্বিমত থাকলে বা স্পট রিপ্লাই এর বাইরে অতিরিক্ত কোন Audit Observation থাকলে সরকারের অডিট দপ্তরের উর্দ্ধতন কর্তৃপক্ষ/কর্মকর্তার সাথে আলোচনা করা যাবে।

১২ । নির্মাণ কাজের বিভিন্ন প্রকার টেস্ট রিপোর্ট এর উপর অনেক আপত্তি বা Audit Observation হয়। এ ব্যাপারে বোর্ড হতে নির্দেশনা বা নীতিমালা জারী করা প্রয়োজন, বিশেষ করে কোন টেস্ট কোন কেন্দ্রে বা প্রতিষ্ঠানে করলে গ্রহন যোগ্য হবে, এ বিষয় উল্লেখ থাকতে হবে।

১৩ । নিয়ন্ত্রক,অহিনি, বাপাউবো, ঢাকা বিদ্যমান বাপাউবো-র Audit Observation হ্রাস করার বিষয়ে পূর্ত অডিট এবং ফাপাড অডিট দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ করে অডিট পরিদপ্তর, বাপাউবো এর সক্রিয় সহযোগীতায়/সমন্বয়ে সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করবেন। লকডাউন/কভিড-১৯ পরিস্থিতি উত্তরণ ঘটলে বিদ্যমান Audit Observation নিস্পত্তিতে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা নিয়মিত করা এবং ক্রাশ প্রোগ্রাম করা হবে।

ওয়ার্কসপের শেষ পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল সকলকে ধন্যবাদ জানিয়ে ওয়ার্কসপের সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ সাফিউল হুদা খান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
এবং
ওয়ার্কসপ সমন্বয়কারী
বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল।

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৭.১৬.০০৮.২১-৩৭৯ তারিখঃ ২২/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ-

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী--------------------------------------------------------------
৩. নিয়ন্ত্রক,অর্থ হিসাব ও নিরীক্ষা (অহিনি), বাপাউবো, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) --------------------------------------------------------
৫. পরিচালক (সকল) ----------------------------------------------------------------------------------
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই সি টি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭. ওয়ার্কসপের সকল অংশগ্রহনকারী, ------------------------------------------------------------------
৮. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৯. দপ্তর কপি।

(মোঃ মোতাহার হোসেন হাওলাদার)
উপ-পরিচালক (প্রশাসন)
এবং
ওয়ার্কসপ সহ-সমন্বয়কারী
বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল।